

ঢাকা বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয় শিফট চালুর উদ্যোগ একটি চক্রান্তের অংশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত দ্বিতীয় শিফট বিষয়ক এক আলোচনা সভায় বক্তারা বলেছেন, বাণিজ্যিকীকরণের সাম্রাজ্যবাদী চক্রান্তের অংশ হিসেবেই দ্বিতীয় শিফট চালু উদ্যোগ নেয়া হয়েছে। (১৪শ পৃঃ ৬-এর কঃস্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য সৃষ্টি করা হচ্ছে। স্বাধীনতা অর্জনের ৩০ বছরেও শিক্ষাকে সার্বজনীন করা যায়নি।

টিএসসিতে শুক্রবার এক আলোচনা সভায় ছাত্রফ্রন্ট সভাপতি নূরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বাসদের আহ্বায়ক কমরেড খালেদুজ্জামান, অধ্যাপক অজয় রায়, এএইচকে আরেফিন, আনোয়ার হোসেন, শামসুল ওয়াহেদ, আকমল হোসেন, আনু মুহাম্মদ, জাহিদ হাসান চৌধুরী, খোকন দাস প্রমুখ বক্তব্য রাখেন।